

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 10.10.2024

Time: 7.35 A.M

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) সরকারের সঙ্গে বৈঠকের পরও অসন্তুষ্ট জুনিয়ার চিকিৎসকরা আমরণ অনশন চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। গঠন মূলক ও ইতিবাচক আলোচনা হয়েছে বলে জানিয়েছে সরকার।
- ২) একদিনের সফরে রাজ্য আসছেন বিজেপির সর্বভারতীয় সভাপতি জগত্ প্রকাশ নাড্ডা।
- ৩) কেন্দ্রীয় সরকার, রেশনে পুষ্টি পদার্থ পূর্ণ চাল বা ফরটিফায়েড রাইস সরবরাহের সিদ্ধান্ত নিয়েছে।
- ৪) শারদীয়া দুর্গোৎসবের আজ সপ্তমী। মন্ডপে মন্ডপে ঢল নেমেছে দর্শনার্থীদের। শারদ সন্মান ঘোষণা রাজ্য সরকারের।
- ৫) প্রয়াত শিল্পপতি রতন টাটা। শোক প্রকাশ প্রধানমন্ত্রী ও মুখ্যমন্ত্রীর।

সরকারের সঙ্গে বৈঠকের পরও আমরণ অনশনের সিদ্ধান্ত থেকে এখনই সরছেন না আন্দোলনরত জুনিয়র ডাক্তাররা। গতকাল রাজ্যের মুখ্য সচিব মনোজ পস্তুর সঙ্গে সল্টলেকের স্বাস্থ্য ভবনে প্রায় ঘন্টা তিনেক বৈঠকের পর ফলাফল নিয়ে অসন্তোষ প্রকাশ করেছেন জুনিয়র ডাক্তারেরা। বৈঠক 'নিষ্ফল' হয়েছে বলে দাবি করে তারা জানিয়েছেন

যে দাবি দাওয়া গুলি নিয়ে সরকারের কাছ থেকে কোনও সদর্থক উত্তর মেলেনি। জুনিয়র ডাক্তারদের প্রতিনিধি দেবশীষ হালদার বলেন, সরকার অনমনীয় মনোভাব দেখাচ্ছে। শুধু মৌখিক আশ্বাস দেওয়া হয়েছে। নতুন কিছু বলা হয়নি।

বাইট

জুনিয়র ডাক্তারদের দের সঙ্গে সরকারের গঠনমূলক ও ইতিবাচক আলোচনা হয়েছে বলে মুখ্য সচিব মনোজ পন্থ জানিয়েছেন। পাশাপাশি অনশনকারীদের অনশন প্রত্যাহারের আবেদন জানিয়েছে সরকার। গতকাল স্বাস্থ্য ভবনে দশ দফা দাবিতে আন্দোলনকারী জুনিয়র ডাক্তারদের প্রতিনিধি দলের সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের কাছে মুখ্যসচিব বলেন, সরকার সুপ্রিম কোর্টের নির্দেশিকা মেনে কাজ করছে। জুনিয়র ডাক্তারদের অনেক দাবিই মেনে নেওয়া হয়েছে। প্রয়োজন হলে সরকার আবার বৈঠকে বসতে প্রস্তুত বলেও তিনি জানিয়েছেন। স্বাস্থ্য ভবনে বৈঠকে যা আলোচনা হয়েছে, তার উপর বিশ্বাস রাখার আহ্বান জানিয়েছেন মুখ্যসচিব।

বাইট

উল্লেখ্য, দশ দফা দাবি নিয়ে ধর্মতলায় আমরণ অনশনে বসেছেন সাত জন জুনিয়র ডাক্তার। চারদিন পার হয়েছে জুনিয়র ডাক্তারদের অনশনের। গতসন্ধ্যায় বৈঠকে বসতে চেয়ে জুনিয়র ডাক্তারদের ইমেল করেন মুখ্যসচিব মনোজ পন্থ। বৈঠকের জন্য স্বাস্থ্যভবনে আহ্বান জানানো হয় জুনিয়র ডাক্তারদের। সেই মতো জুনিয়র ডাক্তারদের প্রতিনিধি দল স্বাস্থ্যভবনে যায়। প্রায় তিন ঘণ্টা বৈঠক চলে। বৈঠকে উপস্থিত ছিলেন স্বরাষ্ট্রসচিব নন্দিনী চক্রবর্তী এবং রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার।

এদিকে পূর্ব ঘোষণা মতো জুনিয়ার ডাক্তারদের ‘অভয়া পরিক্রমা’ কর্মসূচীকে কেন্দ্র করে গতকাল কলকাতার ধর্মতলা চত্বর উত্তপ্ত হয়ে ওঠে। চাঁদনী চকে পুলিশ ‘অভয়া

পরিক্রমা-র ম্যাটাডোরগুলিকে আটকে দিলে পুলিশের সঙ্গে জুনিয়ার ডাক্তারদের প্রথমে বচসা, পরে ধস্তাধস্তি শুরু হয়। প্রবল যানজটের জেরে সমস্যায় পড়েন সাধারণ যাত্রী থেকে শুরু করে গাড়ি চালকরা। পুলিশের অনুমতি না মেলায় জুনিয়ার ডাক্তাররা পায়ে হেঁটে অভয়া পরিক্রমা কর্মসূচী চালাতে গেলে ফের তাদের বাধার মুখে পড়তে হয়।

অন্যদিকে, ডাক্তার নার্সদের তিনটি সংগঠন, RG Kar কান্ডের সঠিক তদন্ত চেয়ে CGO কমপ্লেক্স অভিযান করেন। তারা সেখানে ডেপুটেশনও জমা দেন।

১০ দফা দাবীতে অনশনরত জুনিয়ার ডাক্তারদের সমর্থনে বিভিন্ন মেডিক্যাল কলেজ ও হাসপাতালে সিনিয়ার ডাক্তার-অধ্যাপকদের প্রতীকি গণইস্তুফা অব্যাহত। RG Kar-এর পর কলকাতা মেডিক্যাল কলেজ, ন্যাশনাল মেডিক্যাল কলেজ, উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ, জলপাইগুড়ি মেডিক্যাল কলেজ, মেদিনীপুর মেডিক্যাল কলেজে সিনিয়ার ফ্যাকাল্টির প্রতীকি গণইস্তুফা দিয়েছেন বলে খবর।

উত্তর ২৪ পরগণার সাগর দত্ত মেডিক্যাল কলেজ ও হাসপাতালে প্রায় ৩৫ জন সিনিয়ার ফ্যাকাল্টি গতকাল প্রতীকি গণইস্তুফা দিয়েছেন বলে খবর।

কলকাতার অ্যাপোলো হাসপাতালের চিকিৎসকরাও আন্দোলনরত চিকিৎসকদের প্রতি সংহতি জানিয়ে আগামী সোমবার থেকে জরুরী বিভাগ ছাড়া সমস্ত বিভাগে কর্ম বিরতির ডাক দিয়েছেন।

চিকিৎসকরা সমাজে জীবনদাতার ভূমিকা পালন করেন। সেই তারাই এখন নিজেদের জীবন বাজি রেখে অনশন কর্মসূচী পালন করছেন বলে রাজ্যপাল সি ভি আনন্দ বোস মন্তব্য করেছেন। গতকাল সন্তোষ মিত্র স্কোয়ারে পুজো দেখে সরাসরি ধর্মতলায় অনশন মঞ্চে যান তিনি। অস্থায়ীভাবে বাধা মঞ্চে ডাক্তারদের সঙ্গে কথা বলেন। রাজ্য সরকারের অনমনীয় মনোভাবেরও কড়া সমালোচনা করেছেন রাজ্যপাল।

এর আগে এক ভিডিও বার্তায় রাজ্যপাল বলেন, সাধারণ মানুষ রাজ্য সরকারকে নোটিশ দিয়েছে। গণ ইস্তফা দিয়েছেন অনেক সিনিয়ার চিকিৎসক। রাজ্য সরকার মানুষকে পরিষেবা দিতে পুরোপুরি ব্যর্থ বলেও মন্তব্য করেন তিনি।

মীনাক্ষী মুখার্জীর নেতৃত্বে বাম প্রতিনিধিদের একটি দল, গতকাল নির্যাতিতার বাড়িতে গিয়ে তাঁর মা বাবা ও পরিবারের সদস্যদের সঙ্গে দেখা করেন। পরে সাংবাদিকদের কাছে মীনাক্ষী বলেন, মেয়ের হত্যার দুমাস অতিবাহিত হয়ে যাওয়ার পরেও শোকসন্তপ্ত পরিবারকে ধর্না অবস্থানে বসতে হচ্ছে, এটা অত্যন্ত লজ্জার।

দক্ষিণ ২৪ পরগণার কুলতলীতে চতুর্থ শ্রেণীর স্কুল ছাত্রীকে শারীরিক নির্যাতন ও খুনের ঘটনার প্রতিবাদে গতকাল কৃপাখালি এলাকার বাসিন্দারা বিক্ষোভে সামিল হয়েছেন। অবরোধ করা হয়েছে রাস্তাও। রাতে প্রদীপ, মোমবাতি জ্বালিয়ে প্রতিবাদ জানানো হয়।

এদিকে, প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী গতকাল কুলতলীতে নির্যাতিতার বাড়িতে যান। পরিবারের পাশে থাকার বার্তা দেন তিনি। এই ঘটনায় দ্রুত, নিরপেক্ষ তদন্ত এবং অপরাধীর কঠোর শাস্তির দাবি জানিয়েছেন তিনি। পাশাপাশি রাজ্য পুলিশের ভূমিকা নিয়েও এদিন প্রশ্ন তোলেন অধীর বাবু।

বাইট

একদিনের সফরে আজ কলকাতায় আসছেন বিজেপির সর্বভারতীয় সভাপতি জগৎ প্রকাশ নাড্ডা। দলীয় সূত্রে জানা গেছে সকাল ১১টায় তিনি কলকাতা বিমানবন্দরে পৌঁছাবেন। সেখান থেকে বেলুড় মঠের উদ্দেশ্যে রওনা হবেন তিনি। বেলুড় মঠ

পরিদর্শনের পর শ্রী নাড্ডা কলকাতায় সন্তোষ মিত্র স্কোয়ারে দুর্গাপূজা দর্শন করবেন।
এরপর দুপুরে নিউটাউনে বেসরকারি হোটেলে একটি দলীয় অনুষ্ঠানে অংশ নেবেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্রীয় মন্ত্রিসভা, দেশের নাগরিকদের পুষ্টি নিরাপত্তা নিয়ে গতকাল একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছে। মন্ত্রিসভার বৈঠকের পর তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণেগ বলেছেন, সরকার রেশনে পুষ্টি পদার্থ পূর্ণ চাল বা ফরটিফায়েড রাইস সরবরাহের সিদ্ধান্ত নিয়েছে। এর জন্য খরচ ধরা হয়েছে ১৭ হাজার ৬০০ কোটি টাকা। শ্রী বৈষ্ণেগ বলেন, প্রধানমন্ত্রী গরীব কল্যাণ যোজনা এবং অন্যান্য কল্যাণমূলক প্রকল্পের অধীনে বিনামূল্যে এই চাল দেওয়া হবে।

বাঙালীর প্রাণের দুর্গোৎসবের আজ সপ্তমী।

ঢাক

সকালে নদনদী, জলাশয়ে নবপত্রিকা স্নানের মধ্য দিয়ে সূচনা হচ্ছে দেবী দুর্গার সপ্তমী বিহিত পূজো। সপ্তমী পূজোর পর সম্পন্ন হবে অঞ্জলি পর্ব। মহানগর থেকে জেলা শহর সর্বত্রই পূজোর আনন্দে মাতোয়ারা সাধারণ মানুষ। বড় পূজো গুলি ছাড়াও সন্ধ্যা হতেই মানুষের ঢল নেমেছে ছোট আকারের পূজো মন্ডপেও। পরিস্থিতি সামাল দিতে অতিরিক্ত পুলিশ কর্মী মোতায়েনের পাশাপাশি, বাড়ানো হয়েছে ট্রেন মেট্রোর সংখ্যাও। একটি প্রতিবেদন,

ভয়েসকাস্ট

রাজ্য সরকার কলকাতা ও পার্শ্ববর্তী এলাকার নির্বাচিত পুজোগুলির জন্য এবছরের বিশ্ব বাংলা শারদ সন্মান ঘোষণা করেছে। তথ্য ও সংস্কৃতি প্রতিমন্ত্রী ইন্দ্রনীল সেন গতকাল কলকাতায় সাংবাদিক বৈঠকে সেরার সেরা, সাবেকি পুজো ও সেরা মন্ডপের মত সাতটি বিভাগ ছাড়াও বিশ্ব বাংলা পুজোর সেরা গান বিভাগে জয়ী পুজো কমিটিগুলির নাম ঘোষণা করেন। বেহালা নতুন দল, সমাজসেবী সংঘ, আলিপুর সর্বজনীন মত ৩২ টি পুজো সেরার সেরা বিভাগে জায়গা পেয়েছে। সেরা সাবেকি পুজোর তালিকায় রয়েছে ৬ টি, সেরা প্রতিমা তিনটি, সেরা ভাবনা ১৫ টি, সেরা পরিবেশ বান্ধব পুজো হিসাবে ১৪ টি পুজো কমিটিকে সন্মান প্রদান করা হবে।

এছাড়া বিশ্ব বাংলা পুজোর সেরা গানের জন্য গায়িকা শ্রীরাধা বন্দ্যোপাধ্যায়কে সন্মান জানানো হয়েছে। কলকাতা ছাড়াও ২২ টি জেলার নির্বাচিত পুজো কমিটিগুলিতে মোট চারটি বিভাগে শারদ সন্মান দেওয়া হয়েছে বলেও মন্ত্রী ইন্দ্রনীল সেন জানিয়েছেন।

কলকাতা পুরসভা ও CESC র যৌথ উদ্যোগে আয়োজিত "কলকাতা শ্রী" শারদ সন্মান ২০২৪ সেরার সেরা পুজোর সন্মান ঘোষিত হয়েছে। রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুর সভার মেয়র ফিরহাদ হাকিম গতকাল পুর ভবনে আনুষ্ঠানিকভাবে এই ঘোষণা করেন।

বিশিষ্ট শিল্পপতি রতন টাটা প্রয়াত হয়েছেন। বয়স হয়েছিল ৮৬ বছর। মুম্বাইয়ের ব্রিচ ক্যান্ডি হাসপাতালে গত সন্ধ্যায় তার জীবনাবসান হয়। গত সোমবার তাকে হাসপাতালে ভর্তি করা হয়। সে সময় তার তার শারীরিক অবস্থা নিয়ে অনুরাগী মহলে আশঙ্কা তৈরি হলেও, তিনি নিজেই জানিয়েছিলেন যে বার্ধক্য জনিত কারণে তিনি রুটিন চেকআপের জন্য হাসপাতালে ভর্তি হয়েছেন।

শিল্পপতি রতন টাটার প্রয়াণে গভীর শোক ব্যক্ত করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এক পোস্টে তিনি বলেন, 'রতন টাটা একজন দূরদৃষ্টি সম্পন্ন শিল্পপতি তথা একজন অসাধারণ মানুষ ছিলেন। তিনি ভারতের অন্যতম প্রাচীন ও মর্যাদাপূর্ণ ব্যবসায়ী প্রতিষ্ঠানকে স্থিতিশীল নেতৃত্ব দেন। মানবিকতা ও দয়ালু মনোভাব এবং নাগরিক সমাজের উন্নয়নের জন্য তিনি সকলের প্রিয় হয়ে উঠেছিলেন।'

রতন টাটার প্রয়াণে শোকপ্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সামাজিক মাধ্যমে এক পোস্টে তিনি লেখেন, রতন টাটার মৃত্যু ভারতীয় ব্যবসায়িক জগৎ ও সামাজিক দিকে এক বড়সড় ক্ষতি। তাঁর পরিবারের সকল সদস্য ও সহকর্মীদের প্রতি সমবেদনা জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

বিশিষ্ট শিল্পো দ্যোগী রতন টাটার প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার।
